# মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

বাগজান, মুলজান, মানিকগঞ্জ।

ISO 9001:2008 CERTIFIED& ISO 9001:2015 CERTIFIED

টেলিফোন : ০২-৭৭১০৬৯৮, অভিযোগ কেন্দ্র : ০২-৭৭১০৫৬৩, ফ্যাক্স : ০২-৭৭১০৯১৩, ই-মেইল : gmpbsmnk@yahoo.com. ওয়েব: www.pbs.manikganj.gov.bd


স্মারক নং-২৭.১২.৫৬০০.৫৪১.০২.০০৮.২৫. ১৮০০

তারিখঃ ২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

## " নিয়োগ বিজ্ঞপ্তি "

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও পদ সংখ্যা | বয়সসীমা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী ক্যাশিয়ার ও ০৩ টি ( সংখ্যা কম/ বেশী হতে পারে) | **৩০/০৪/২০২৫** খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে থাকতে হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | ক) এসএসসি/সমমান ও এইচএসসি /সমমান উভয়ই পরীক্ষায় নুন্যতম জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।<br>খ) কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০(দশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>গ) অফিস যন্ত্রপাতি ও কম্পিউটার চালানোর অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীর পারিবারিক স্বচ্ছলতা থাকতে হবে এবং তা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।<br>ঙ) প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করতে হবে।<br>চ) সহকারী ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীকে জামানত হিসাবে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে। | মানিকগঞ্জ পবিস এর ভৌগলিক এলাকার (সদর /সিংগাইর/ ঘিওর / হরিরামপুর/সাটুরিয়া/দৌলতপুর/ শিবালয় এবং ঢাকা জেলার ধামরাই উপজেলার চৌহাট ইউনিয়নের আংশিক (গ্রাম- দ্বিমুখা ও ছোট ভাকুলিয়া), গাংগুটিয়া ইউনিয়নের আংশিক গ্রাম (গ্রাম- বারবাড়িয়া) এবং আমতা ইউনিয়নের আংশিক (গ্রাম- জোয়ার আমতা, বাউখন্ড, নান্দেশ্বরী, শিয়ালো পাড়া, কাচা রাজাপুর, ভাকুলিয়া ও বড় নারায়নপুর) স্থায়ী বাসিন্দা ব্যতিত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | অফিস সহায়ক ও ০১ টি ( সংখ্যা কম/ বেশী হতে পারে) | **৩০/০৪/২০২৫** খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে থাকতে হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৫,৫০০/- হতে ৩৯,১৭০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | ক) এস.এস.সি/সমমান পরীক্ষার উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>ঘ) বাই সাইকেল চালানোয় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে।<br>ঙ) প্রার্থীকে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান, পরিস্কার, পরিচ্ছন্নতা, গৃহস্থালী এবং অফিস ডেকোরেশন কাজে পারদর্শী হতে হবে। | |

অঃ পৃঃ দ্রঃ

## শর্তাবলী:

০১। আবেদনকারীগনকে মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট (WEB: www.pbs.manikganj.gov.bd) অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট (WEB:www.reb.gov.bd) হতে আবেদন ফর্ম (ফর্ম নং- পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড করে নিজ হাতে পুরণ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার,মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত পূর্বক আগামী **৩০/০৪/২০২৫** খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, বাগজান, মুলজান, মানিকগঞ্জ এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতিত অন্য কোন আবেদন ফর্মে/সাদাকাগজে/ টাইপকৃত/ সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য ফরম-এর সাথে সংযুক্ত প্রবেশ পত্রে যেভাবে দিক নির্দেশনা দেওয়া আছে সেভাবে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

ক) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রসহ সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত কপি। (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহনযোগ্য নয়)

গ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।

(সকল কাগজ পত্রে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম, পদবী সম্বলিত সিল থাকতে হবে।)

ঘ) স্থানীয় ইউনিয়ন/পৌরসভার মেয়র/ওর্য়াড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক ও চারিত্রিক সনদপত্র।

ঙ) প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সাথে মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে।

চ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি।

০৩। আগামী **৩০/০৪/২০২৫ খ্রিঃ** তারিখে সহকারী ক্যাশিয়ার/অফিস সহায়ক পদে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি/সমমানের সনদ বিবেচিত হবে। বয়সের ক্ষেত্রে কোন এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। প্রার্থীকে অব্যশই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারনের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।নির্বাচিত প্রার্থীদের প্রাথমিক অবস্থায় ১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্তসাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৫। সহকারী ক্যাশিয়ার পদে নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকূলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি জমা দিতে হবে, যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদ সহ ফেরত প্রদান করা হবে।

০৬। অত্র সমিতির এলাকা পরিচালক/ মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। এ ছাড়া অত্র সমিতির ভৌগোলিক এলাকার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৭। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তাঁর বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণ সহ দেশের প্রচলিত নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথ ভাবে পূরণ না করা হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে বা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদন পত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রর্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৯। **খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।**

১০। নিয়োগ লাভের ক্ষেত্রে যে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সমআরক নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১,তারিখঃ ২৩/০৭/২০২৪ খ্রিঃ মোতাবেক সরকারের বিদ্যমান সংশোধিত কোটা পদ্ধতি প্রযোজ্য হবে। মানিকগঞ্জ পবিস এর ভৌগলিক এলাকার ((সদর/সিংগাইর/ঘিওর/হরিরামপুর/সাটুরিয়া/দৌলতপুর/শিবালয় এবং ঢাকা জেলার ধামরাই উপজেলার চৌহাট ইউনিয়নের আংশিক (গ্রাম-দ্বিমুখা ও ছোট ভাকুলিয়া), গাংগুটিয়া ইউনিয়নের আংশিক গ্রাম (গ্রাম-বারবাড়িয়া) এবং আমতা ইউনিয়নের আংশিক (গ্রাম-জোয়ার আমতা,বাউখন্ড,নান্দেশ্বরী,শিয়ালো পাড়া,কাচা রাজাপুর,ভাকুলিয়া ওবড় নারায়নপুর) প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

অঃ পৃঃ দ্রঃ

১২। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৩। সরকারী, আধা-সরকারী ,স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৪। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী কারও আবেদন করার প্রয়োজন নেই।

১৫। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৬। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮/০৪/২৫

**(মোঃ সুলতান নাছিমুল হক)**
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কে অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- সদয় অবগতির জন্য

০৪। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড ঢাকা (**বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)।
০৫। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মানিকগঞ্জ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-------------------------পবিস-১/২/৩/৪।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর।
০৮। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী/মানিকগঞ্জ/সিংগাইর/ঘিওর/হরিরামপুর/সাটুরিয়া জোনাল অফিস), মানিকগঞ্জ পবিস।
০৯। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ইএন্ডসি/ওএন্ডএম/পিএন্ডএম/সদস্য সেবা/আইটি), মানিকগঞ্জ পবিস।
১০। এজিএম (দৌলতপুর/শিবালয় সাব-জোনাল অফিস), মানিকগঞ্জ পবিস।
১১। এজিএম (আইটি), মানিকগঞ্জ পবিস (**অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ**)।
১২। নোটিশ বোর্ড, পবিস।

০৮/০৪/২৫

**(মোঃ সুলতান নাছিমুল হক)**
সিনিয়র জেনারেল ম্যানেজার